

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ১৯টি প্রতিষ্ঠানকে ১.৪৭ লক্ষ টাকা জরিমানা**

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, পটুয়াখালী ও হবিগঞ্জ গত ৩ জুলাই ২০১৬ তারিখ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর সূত্রাপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সদরঘাট হোটেল এন্ড রেস্তুরেন্টকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে মাংস বিক্রয়ের অপরাধে কবিরের মাংসের দোকানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তর শাহজাহানপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আল রহমানীয়া বিরিয়ানী এন্ড কাবাব ঘর, সোনারগাঁ হোটেল ও Five Stare হোটেল এন্ড রেস্তুরেন্টকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৮,০০০/- (আট হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে মাংস বিক্রয়ের অপরাধে খলিল মাংস বিতানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৫৩,০০০/- (তেরো হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্লবী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কেয়ারি ফ্যামিলী, মিঠাই ও প্রিন্স বাজারকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩৩,০০০/- (তেরো হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ১৭,৫০০/- (সেতের হাজার পাঁচশত) টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর দুমকি উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকাসহ মোট ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ৩ জুলাই ২০১৬ তারিখে ৫টি বাজার তদারকিতে ১৯টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৭,৫০০/- (এক লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, পটুয়াখালী ও হবিগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, পটুয়াখালী ও হবিগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।